

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণি, আগারগাঁও,
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
অবসরোত্তর ছুটি এবং লাম্পগ্র্যান্ট মঞ্জুর প্রসঙ্গে।

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০০৪.১১.০৭৫.১৮.১৭৬

তারিখ: ১৫ বৈশাখ ১৪২৬
২৮ এপ্রিল ২০১৯

বিষয়: অবসরোত্তর ছুটি এবং লাম্পগ্র্যান্ট মঞ্জুর প্রসঙ্গে।

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের বুক স্টোর জনাব মোঃ রুহুল আমিনকে সরকারি কর্মচারি (অবসর) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ১২ নং আইন) এর ৪ ধারামতে ৩০/০৬/২০১৯ তারিখ থেকে সরকারি চাকুরি হতে অবসর প্রদান করা হলো।

২। জনাব মোঃ রুহুল আমিন এর ০১ বছর ০৯ মাস ০৫ দিনের পূর্ণগড়বেতনে অর্জিত ছুটি জমা আছে। অবসরগ্রহণ প্রস্তুতিমূলক ছুটি বাদে ০৯ মাস ০৫ দিনের পূর্ণগড়বেতনে অর্জিত ছুটি এবং ০২ বছর ১০ মাস ০৪ দিনের অর্ধগড় বেতনের ছুটি পাওনা থাকায় উক্ত অর্ধগড় বেতনের ছুটি হতে ০১ বছর ০৫ মাস ২০ দিনের ছুটিকে পূর্ণ বেতনের ছুটিতে রূপান্তরিত (Convert) করে ০৯ মাস ০৫ দিন + ০৮ মাস ২৫ দিন = ১৮ মাসের পূর্ণ বেতনের ছুটি বাবদ তার মাসিক মূল বেতনের সমপরিমাণ অর্থ (১৫,৪৬০/- x ১৮) = ২,৭৮,২৮০/- (দুই লক্ষ আটাত্তর হাজার দুইশত আশি) টাকা লাম্পগ্র্যান্টসহ ০১/০৭/২০১৯ থেকে ৩০/০৬/২০২০ তারিখ পর্যন্ত মোট ০১ (এক) বছরের অবসরোত্তর ছুটি (পি আর এল) মঞ্জুর করা হলো।

৩। উক্ত ব্যয় ২০১৮-২০১৯ অর্থ সালের ১৩৪০৩০১-আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ৩১১১২০১-মূল বেতন(কর্মচারী) খাত হতে মিটানো হবে। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

২৮-৪-২০১৯

দিলীপ কুমার সাহা
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৯১৩৫৭০৯
ফ্যাক্স: ৫৮১৫৩৬৭১
ইমেইল: dg@nanl.gov.bd

জনাব মোঃ রুহুল আমিন, বুক স্টোর
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০০৪.১১.০৭৫.১৮.১৭৬/১(৪)

তারিখ: ১৫ বৈশাখ ১৪২৬
২৮ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ২) বিবলিওগ্রাফার ও ডিডিও, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৩) হিসাবরক্ষক (সা. দা.), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৪) সার্ভিস বুক/ব্যক্তিগত নথি।

২৮-৪-২০১৯

তাহমিনা আক্তার
উপপরিচালক (আরকাইভস) (চলতি দায়িত্ব)